

**শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অভ্যন্তরীণ টেকনোলজির সমাবর্তনে শিক্ষামন্ত্রী**

## **জাতির মৌলিক সমস্যা সমাধানে এগিয়ে আসতে হবে**

ঢাকা, ২৭ নভেম্বর ২০১৭

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বিশ্ববিদ্যালয়গুলোতে সৃষ্টি জ্ঞান আমাদের জাতির মৌলিক ও বিশেষ সমস্যাগুলোর সমাধান দিতে পারে। তাই বিশ্ববিদ্যালয়গুলোকে জ্ঞানচর্চা, গবেষণা ও নতুন জ্ঞান অনুসন্ধান করতে হবে। নতুন জ্ঞান সৃষ্টি করতে হবে। বিশ্ববিদ্যালয়গুলোর সে ধরনের পরিকল্পনা থাকতে হবে।

শিক্ষামন্ত্রী আজ ঢাকায় বসুন্ধরা কনভেনশন সিটিতে শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অভ্যন্তরীণ টেকনোলজির দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে সভাপতির বক্তৃতায় একথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার পরিবেশ এবং গুণগত মান বৃদ্ধির জন্য অব্যাহত প্রচেষ্টা চালিয়ে যেতে হবে। এ জন্য বিষয় বাছাই, শিক্ষাক্রম উন্নয়ন, শিক্ষাদানের পদ্ধতি অব্যাহতভাবে উন্নত ও যুগোপযোগী করতে হবে। ব্যবসা ও মুনাফার চিন্তা ত্যাগ করে জনকল্যাণ, সেবার মনোভাব ও শিক্ষায় অবদান রাখার দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে আসতে হবে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী এ কে এম মোজাম্মেল হক, শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অভ্যন্তরীণ টেকনোলজির বোর্ড অভ্যন্তরীণ টেকনোলজির চেয়ারম্যান মো. ইমামুল কবির শান্ত, উপাচার্য অধ্যাপক ড. কাজী এম মফিজুর রহমান এবং রেজিস্টার হোসনে আরা রহমান বক্তব্য রাখেন। সমাবর্তন বক্তা ছিলেন বিশ্ববিদ্যালয় মণ্ডপী কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মানান।

শিক্ষামন্ত্রী বলেন, কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় এখনও তাদের নৃন্যতম শর্ত পূরণ করতে পারেনি। যে সকল বিশ্ববিদ্যালয় নির্ধারিত শর্ত পূরণ করতে ব্যর্থ হয়েছে, যারা নিজস্ব ক্যাম্পাসে এখনো যাননি এবং একাধিক ক্যাম্পাসে পাঠদান পরিচালনা করছেন তাদের বিরুদ্ধে অব্যাহত চাপ রেখেও সঠিক ধারায় আনা কঠিন হয়ে পড়েছে। এজন্য তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ ছাড়া তারা আর কোন পথ খোলা রাখেননি।

তিনি বলেন, সরকারি বা বেসরকারি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকারী সকল শিক্ষার্থীই আমাদের সন্তান এবং জাতির ভবিষ্যত। তাদের সকলের জন্যই আমরা মানসম্মত শিক্ষা এবং সকল সুযোগ নিশ্চিত করতে চাই। নতুন প্রজন্মকে আধুনিক বাংলাদেশের নির্মাতা হিসেবে উল্লেখ করে শিক্ষামন্ত্রী বলেন, তাদেরকে দায়িত্বশীল দেশপ্রেমিক নাগরিক হিসেবে বিজ্ঞান-প্রযুক্তিতে দক্ষ, সৎ এবং নৈতিক মূল্যবোধসম্পন্ন পরিপূর্ণ মানুষ হিসেবে গড়ে তুলতে হবে। জ্ঞান ও মেধার প্রয়োগে সৃজনশীল হওয়ার জন্য তিনি তাদের প্রতি আহবান জানান।

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী এ কে এম মোজাম্মেল হক বলেন, ডিজিটাল বাংলাদেশ গড়তে নতুন প্রজন্মই অগ্রন্তি ভূমিকা পালন করবে।

পরে শিক্ষামন্ত্রী কৃতি শিক্ষার্থীদের মাঝে সার্টিফিকেট ও এওয়ার্ড বিতরণ করেন।

মোহাম্মদ আফরাজুর রহমান

সিনিয়র তথ্য অফিসার

শিক্ষা মন্ত্রণালয় মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯